

(প্রেস বিজ্ঞপ্তি)

২১ এপ্রিল'২০২৪খ্রি.

চসিক মেয়র মো. রেজাউল করিম চৌধুরী'র জাপান যাত্রা
ভারপ্রাপ্ত মেয়র মোহাম্মদ গিয়াস উদ্দিন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী বাংলাদেশে বিভিন্ন শিল্পের ব্যবস্থাপনা শীর্ষক এক সেমিনারে যোগদানের উদ্দেশ্যে আজ রোববার বিকেলে অভ্যন্তরীণ একটি ফ্লাইটে চট্টগ্রাম থেকে ঢাকায় রওনা হয়েছেন। সে সময় সিটি মেয়রকে বিদায় জানান চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, ভারপ্রাপ্ত মেয়র মোহাম্মদ গিয়াস উদ্দিন, কাউন্সিলর ছালেহ আহম্মদ চৌধুরী, হাসান মুরাদ বিপ্লব, আবদুস সালাম মাসুম, মোহাম্মদ ইলিয়াছ, মোহাম্মদ ইসমাইল, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা কমান্ডার লতিফুল হক কাজমী, প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত) শাহীন উল ইসলাম চৌধুরী, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আকবর আলী, নির্বাহী প্রকৌশলী আশিকুল ইসলাম, আনোয়ার জাহান, তৌহিদুল ইসলাম, সমাজসেবক সাইফুল আলম সহ উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ।

মেয়র ঢাকা থেকে রাত ১১.৪৫ মিনিটে জাপানের টোকিও আন্তর্জাতিক বিমান বন্দরের উদ্দেশ্যে রওনা হবেন। মেয়র জাপান সফর শেষে আগামী ২ মে ২০২৪খ্রি. বৃহস্পতিবার দেশে ফেরার কথা রয়েছে। সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী জাপান অবস্থানকালীন সময়ে প্যানেল মেয়র মোহাম্মদ গিয়াস উদ্দিন ভারপ্রাপ্ত মেয়র হিসাবে দায়িত্ব পালন করবেন।

চসিক উচ্ছেদ অভিযান পরিচালিত
জিইসি থেকে প্রবর্তক মোড় পর্যন্ত অবৈধ পার্কিং ও স্থাপনা উচ্ছেদ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আঞ্চলিক কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শাহরীন ফেরদৌসী'র নতুনে আজ রবিবার সকালে নগরীর পাঁচলাইশ থানাধীন জিইসি মোড় থেকে প্রবর্তক মোড় পর্যন্ত অবৈধ পার্কিং ও স্থাপনা উচ্ছেদ অভিযান পরিচালিত হয়। অভিযানে রাস্তা, ফুটপাথ ও নালার জায়গা দখল করে অবৈধভাবে নির্মিত প্রায় ৫০টি স্থাপনা ও দোকানপাট উচ্ছেদ করা হয়। অভিযানকালে ভারপ্রাপ্ত মেয়র মোহাম্মদ গিয়াস উদ্দিন উপস্থিত ছিলেন। এ সময় অবৈধ পার্কিং ও স্থাপনা নির্মাণের দায়ে বিভিন্ন জনের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৫২ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, পাঁচলাইশ থানা ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮